



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪, জয়নাথ রোড, বকুণি বাজার, ঢাকা - ১২১১



পত্র নং : ১০৪০/ক/অনু/২০২১/.....

তারিখ :/০৮/২০২২

বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং - ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১-১৯০, তারিখ - ২৬/০৭/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্তসমূহ এবং শাখা ও বিষয়সমূহসহ "ফরিদপুর জেলা প্রশাসন স্কুল ও কলেজ" -এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করছে। এই অনুমতিকে কোনক্রমেই একাডেমিক স্বীকৃতি বলে গণ্য করা যাবে না। একাডেমিক স্বীকৃতি নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করার পরামর্শ দেয়া হলো।

শাখাসমূহ	আবশ্যিক	মানবিক শাখা	বিজ্ঞান শাখা
(১) মানবিক	(১) বাংলা	(১) ইতিহাস	(১) পদার্থ বিজ্ঞান
(২) বিজ্ঞান	(২) ইংরেজি	(২) পৌরনীতি ও সুশাসন	(২) রসায়ন বিজ্ঞান
	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(৩) সমাজ বিজ্ঞান	(৩) জীব বিজ্ঞান
		(৪) অর্থনীতি	(৪) উচ্চতর গণিত

শর্তসমূহ :

- (১) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে ;
- (২) এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর কার্যকর থাকবে ;
- (৩) আগামী শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের উচ্চমাধ্যমিক পাশের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে। অন্যথায় পাঠদান কিংবা স্বীকৃতি বিবেচনা করা হবে না ;
- (৪) কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক এনটিআরসিএ সনদধারী হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে ;
- (৫) কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বনিমতি ছাড়া উঠানো যাবে না ;
- (৬) কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে ;
- (৭) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে ;
- (৮) প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ;
- (৯) কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে ;
- (১০) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে ;
- (১১) উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে ;
- (১২) কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
 - (ক) পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য অবশ্যই আবেদন করতে হবে ;
 - (খ) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
 - (গ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
 - (ঘ) প্রথম অস্থায়ী স্বীকৃতির 'ফি' বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে ;
- (১৩) উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা :

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৫৮৬১২৪৭৬, মোবাইল : ০১৫৫০৪১১২০৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ফরিদপুর জেলা প্রশাসন স্কুল ও কলেজ (EIN : 139217)

সদর, ফরিদপুর।

মেমো নং : (৫)

তারিখ :/০৮/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- (৩) জেলা প্রশাসক, ফরিদপুর
- (৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৬) অফিস কপি


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



